



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২০.৩০৫

তারিখ: ৫ বৈশাখ ১৪২৮

১৮ এপ্রিল ২০২১

বিষয়: জ্যেষ্ঠতা লংঘন করে জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে কনিষ্ট শিক্ষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও এম.পি.ও প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার মোহাম্মদ ইসহাক মডেল কলেজে জ্যেষ্ঠতা লংঘন করে কনিষ্ট শিক্ষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: সায়েম তালুকদার, প্রভাষক(ভূগোল) অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী জানান তিনি মডেল কলেজের ভূগোল বিষয়ের প্রভাষক। একই কলেজের মো: ঈসা হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক। তাদের দুজনের যোগদান ১০/০৮/২০০০ তারিখে এবং এম.পি.ও ভুক্ত ০১/০৫/২০০৪ তারিখে। জন্ম তারিখ মো: সায়েম তালুকদার এর ০১/১২/১৯৭৩ এবং মো: ঈসা ২২/০১/১৯৭৪। জন্ম তারিখের ভিত্তিতে মো: সায়েম তালুকদার জ্যেষ্ঠ শিক্ষক। কিন্তু তাকে পদোন্নতি না দিয়ে কনিষ্ট মো: ঈসাকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করেন এবং ০১/০১/২০১৯ তারিখে অনলাইনে সহকারী অধ্যাপক পদের স্কেল প্রদান করা হয়। তিনি এই অনিয়মের প্রতিকার চেয়ে আবেদন করেন।

অভিযোগটি তদন্তপূর্বক মতামত প্রদানের জন্য পরিচালক ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৪-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক ও

বিতরণ :


- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২০.৩০৫/১(২)

তারিখ: ৫ বৈশাখ ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, মোহাম্মদ ইসহাক মডেল কলেজ, পটুয়াখালী;
- ২) অধ্যক্ষ, মোহাম্মদ ইসহাক মডেল কলেজ, পটুয়াখালী।



১৮-৪-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক ৩